



## ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্য বিবরণী

৯নং রানাগাছা ইউনিয়ন পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

সভাপতিঃ জনাব আলহাজ্ব মোঃ আব্দুল জলিল  
চেয়ারম্যান, ৯নং রানাগাছা ইউনিয়ন পরিষদ,  
জামালপুর সদর, জামালপুর।

তারিখ : ২০/১২/২০২০ইং

সভার স্থানঃ ইউনিয়ন পরিষদ হলরুম

সময়ঃ বেলা ১১ঃ০০ ঘটিকা

### সভায় উপস্থিতি সদস্যদের হাজিরা খাতা দ্রষ্টব্য :

সভায় জনাব সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানাইয়া সভার কার্যক্রম শুরু করার জন্য ইউপি সচিব মোঃ ফজলুল করিম সাহেবকে নির্দেশ প্রদান করেন। সচিব সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানাইয়া সভার কার্যক্রম আরম্ভ করেন। শুরুতেই সচিব সাহেব উন্নয়ন মূলক বিভিন্ন প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন বিষয়ে দিক নির্দেশনা মূলক আলোচনা করেন। পরিষদের সকল কাজে সকল বিভাগ থেকে পরামর্শ ও সহযোগিতা করে স্থানীয় সরকার বিভাগের এবং বাংলাদেশ সরকারের অংশিদারিত্ব মূলক প্রকৃত্যাকে ত্বরান্বিত করার জন্য অনুরোধ করেন। প্রস্তাবটি সর্ব সম্মতি ক্রমে গৃহিত হইল। আলোচনা- পর্যালোচনা শেষে নিম্নে উল্লেখিত পরামর্শ মূলক বিষয় গুলো বাস্তবায়নের জন্য গ্রহন করা হইল।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচ্য মন্তব্য	গৃহিত সিদ্ধান্ত
০১	শিক্ষা প্রতিষ্ঠান সমূহে পোষাক সরবরাহ করণ প্রসঙ্গে।	জনাব মোঃ আনোয়ার হোসেন, ইউপি সদস্য সাহেব, প্রস্তাব করেন যে, নান্দিনা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের যে পোষাক আছে তাহা অতীব পুরাতন হয়ে নষ্ট হয়েগিয়াছে। অত্র বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রীদেরও জন্য এক (১) সেট করে পোষাক সরবরাহ করা প্রয়োজন।	সভাপতি সাহেব জানান এলজিএসপি-২ প্রকল্পের অর্থ থেকে উক্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য পোষাক সরবরাহ করা হইবে।
০২	মৃত্যু পরবর্তী বয়স্ক ভাতা, বিধবা ভাতা, ও পঙ্গুভাতাভোগী সমূহের নামের তালিকা করণ প্রসঙ্গে।	জনাব আফরিনা হাসানাত, ইউপি সমাজ সেবা কর্মী সাহেব, প্রস্তাব করেন যে, অত্র ইউনিয়নের তালিকা ভুক্ত বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও পঙ্গুভাতা ভোগীসমূহের মধ্যে যাহারা মারা গিয়াছে তাহাদের নামের পরিবর্তে সরকারী নীতিমালা মোতাবেক নতুন করে তালিকা তৈরী করে যথাযথ কর্তৃপক্ষের কার্যালয়ে দাখিলের ব্যবস্থা করা হোক।	সভাপতি সাহেব জানান যে, যেসকল ওয়ার্ডের বিভিন্ন ভাতাভোগী মৃত্যুবরণ করিয়াছে, সেই সকল ভাতাভোগীদের পরিবর্তে সরকারী নীতিমালা মোতাবেক নতুন করে ভাতাভোগী নির্বাচন করে যথাযথ কর্তৃপক্ষের কার্যালয়ে দাখিল করা হইবে।
০৩	জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রসঙ্গে।	জনাব মোঃ ফজলুল করিম ইউপি সচিব সাহেব উপস্থাপন করেন জন্ম ও মৃত্যু নিবন্ধনের সনদ কিছু অসাধু কম্পিউটার ব্যবসায়ী স্ক্যান মেশিনের সাহায্যে স্ক্যান করে জন্ম তারিখ পরিবর্তন করে উক্ত সনদ বিভিন্ন কাজে ব্যবহার করছে যাহা সরকারী আইনের পরিপন্থী। উক্ত বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহন করার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহন করার জন্য সভাপতি সাহেবকে বিশেষ ভাবে অনুরোধ জানানো হইল।	এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহন করা হবে বলে সভাপতি সাহেব উপস্থিত সকলকে জানান। কে বা কাহারো এই ব্যবসা করে তাহার তথ্য উদঘাটন করার জন্য সকল ইউপি সদস্য ও সকল গ্রাম পুলিশদের নির্দেশ দেয়া হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়া সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।

  
২০/১২/২০  
আলহাজ্ব মোঃ আব্দুল জলিল  
চেয়ারম্যান  
৯নং রানাগাছা ইউনিয়ন পরিষদ  
জামালপুর সদর, জামালপুর।